

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫১৫০  
আগরতলা, ১২ মার্চ, ২০২৪

আগরতলায় রান ফর টি  
রাজ্যের চা শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে : শিল্প ও বাণিজ্য মন্ত্রী

রাজ্যের চা শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। বর্তমান সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভোকাল ফর লোকাল-এর দিশায় কাজ করছে। খুব শীঘ্রই রাজ্যে একটি টি অকশন সেন্টার খোলা হবে। আজ বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরী প্রাঙ্গণে রান ফর টি'র উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেড ও টি বোর্ড ইন্ডিয়া যৌথভাবে এই রান ফর টি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী বলেন, ত্রিপুরা রাজ্যে চা শিল্প বিকাশের পাশাপাশি চা বাগিচার শ্রমিকদের কল্যাণেও সরকার বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্যের চা শিল্পের এক প্রাচীন ঐতিহ্য রয়েছে। রাজ্যের চা শ্রমিকদের আর্থ সামাজিক মান উন্নয়ন হলেই চা শিল্পের উন্নয়ন ত্বরান্বিত হবে। পূর্বতন সরকার রাজ্যের চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে তেমন গুরুত্ব দেয়নি। চা বাগানের শ্রমিকদের কল্যাণে রাজ্যে মুখ্যমন্ত্রী চা শ্রমিক কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে চা শ্রমিকদের জীবন যাত্রারমান উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে। তাদের জন্য আবাসন, জমির পাট্টা, পানীয়জল ও শৌচালয়ের ব্যবস্থা করা হচ্ছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। উদ্বোধনী অনুষ্ঠানের পর বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরীর প্রাঙ্গণ থেকে রান ফর টি র্যালি শুরু হয়। র্যালিতে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক রামপদ জমতিয়া, প্রাক্তন চেয়ারম্যান সন্তোষ সাহা, নিগমের বোর্ড অব ডিরেক্টরগণ, টি বোর্ড অব ইন্ডিয়ার প্রতিনিধি পার্থ দাস, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, অধিকর্তা বিশ্বশ্রী বি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর মানিক লাল দাস, ট্রাফিক পুলিশ, শারীর শিক্ষক, বিভিন্ন কোচিং সেন্টারের খেলোয়াড়গণ, এন জি ও এবং বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীসহ প্রায় ২০০০ জন প্রতিনিধি অংশ নেন। এই বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা শেষে পুরনায় বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরীর প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়।

\*\*\*\*\*